**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**আপীল বিভাগ, ঢাকা।**
www.supremecourt.gov.bd

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বরঃ ০২/২০২০ তারিখঃ ১৪/১০/২০২০ খ্রি.

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের গত ২০/০৩/২০২০ খ্রি. তারিখের ০১/২০২০ নং বিজ্ঞপ্তিমূলে প্রকাশিত ০৭ ক্যাটাগরির শূন্যপদের মধ্যে প্রথম পর্যায়ে বিজ্ঞপ্তির ক্রমিক নং-০১ এ উল্লিখিত ড্রাইভার-এর শূন্য পদসমূহে আবেদনপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধি করে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে আগ্রহী যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে পুনঃ দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী পদের বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১। | ড্রাইভার | ০৮টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ক) কমপক্ষে এস, এস,সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) বৈধ লাইসেন্সধারী হতে হবে;<br>গ) অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

## শর্তাবলীঃ-

০১। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট (www.supremecourt.gov.bd) হতে ডাউনলোডকৃত আবেদনপত্রের নির্ধারিত ফরম ও প্রবেশপত্র অথবা উক্ত ডাউনলোডকৃত ফরম ও প্রবেশপত্রের ফটোকপি পূরণ করে আবেদন করা যাবে। নির্ধারিত ফরমে আবেদনপত্র ও প্রবেশপত্র স্বহস্তে পূরণ করে আগামী ০১/১১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা-১০০০ বরাবরে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যম পৌঁছাতে হবে।

০২। উল্লেখ্য যে, গত ২০/০৩/২০২০ খ্রি. তারিখের ০১/২০২০ নং বিজ্ঞপ্তিমূলে জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত ড্রাইভার-এর শূন্যপদে যেসব প্রার্থী ১৩/০৪/২০২০ খ্রি. তারিখের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে আবেদনপত্র দাখিল করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

০৩। প্রার্থীর বয়স ০১/১১/২০২০ খ্রি. তারিখে ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযাদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। অন্যান্য কোটার আবেদনকারীগণকে আবেদনপত্রে কোটার নাম উল্লেখ করতে হবে।

০৪। বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

০৫। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও সংশ্লিষ্ট ট্রেজারী চালানের কপি সংযুক্ত করতে হবে। ছবি, ট্রেজারী চালান এবং পূরণকৃত প্রবেশপত্র ব্যতিত অন্যকোন কাগজপত্র আবেদনপত্রের সাথে দাখিলের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীগণকে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ অভিজ্ঞতা/ দক্ষতার সনদপত্র, কোটার স্বপক্ষে কাগজপত্র, অন্যান্য সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং উক্ত সনদপত্র ও কাগজপত্রের ০১ সেট ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক তাঁর নামযুক্ত সীলসহ সত্যায়নপূর্বক দাখিল করতে হবে।

০৬। আবেদনপত্রের সাথে পরীক্ষা ফি বাবদ ১০০/- (একশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে ১-৬১২১-০০১০-২০৩১ নং কোডের বিপরীতে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে ট্রেজারী চালানের মূল কপি এবং ১০/- টাকার ডাকটিকেটযুক্ত নিজ বর্তমান ঠিকানা সম্বলিত ৯.৫"X ৪" সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। উক্ত ফেরত খামের উপরাংশে অবশ্যই পদের নাম, নিজ জেলা ও প্রযোজ্য ক্ষেত্রে কোটা উল্লেখ করতে হবে।

০৭। প্রার্থীদের ড্রাইভিং পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হতে হবে; ড্রাইভিং পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীথের মধ্যে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

০৮। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের যেকোন সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪-১০-২০২০
**(মোহাম্মদ মেহেদী হাসান)**
ডেপুটি রেজিস্ট্রার
ও
সদস্য সচিব
নিয়োগ কমিটি
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## আপীল বিভাগ, ঢাকা।

১ কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগাতে হবে

### চাকুরীর আবেদন ফরম

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | তারিখ: | দিন | মাস | বছর |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায় | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) | | | | |
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর: | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দিন | মাস | বছর | | |
| ৬. | জন্ম স্থান (জেলা) | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | |
| ৮. | মাতার নাম: | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী | | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | | | | |
| | ডাকঘর: | | | | | |
| | পোষ্ট কোড নম্বর: | | | | | |
| | উপজেলা: | | | | | |
| | জেলা: | | | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) | | | |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডার (নারী/পুরুষ): | | |
| ১৪. | ধর্ম: | | ১৫. | পেশা: | | |

১৬. শিক্ষাগত যোগ্যতার বিবরণ:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী | |
| | | ক্ষুদ্র নৃ- গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য ( উল্লেখ করুন): | |
| ২০. | ট্রেজারী চালান নম্বর: | | তারিখ | দিন | মাস / বছর |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | |
| ২২. | আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। | | | | |

| তারিখ: | দিন | মাস | বছর |
|---|---|---|---|
| | | | |

.............................................

প্রার্থীর পূর্ণ স্বাক্ষর

| রোল নম্বরঃ<br><br>(অফিস কর্তৃক পূরণীয়) | **বাংলাদেশ সুপ্রীম কোর্ট**<br>**আপীল বিভাগ, ঢাকা।** | এখানে পাসপোর্ট সাইজের ১ কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে |
|---|---|---|

## <u>প্রবেশপত্র</u>

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগে নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের নিমিত্তে নিম্নলিখিত তারিখ, সময় ও স্থানে পরীক্ষায় অংশগ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলঃ

| আবেদনকারী কর্তৃক পূরণীয় |
|---|
| পদের নামঃ |

| অফিস কর্তৃক পূরণীয় | |
|---|---|
| পরীক্ষা, তারিখ ও সময় | পরীক্ষার স্থান |
| | বাংলাদেশ সুপ্রীম কোর্ট<br>আপীল বিভাগ, ঢাকা। |

১৪-১০-২০২০

সদস্য সচিব
নিয়োগ কমিটি
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

| <u>প্রেরকঃ-</u><br>সদস্য সচিব<br>নিয়োগ কমিটি<br>বাংলাদেশ সুপ্রীম কোর্ট<br>আপীল বিভাগ, ঢাকা। | আবেদনকারী কর্তৃক পূরণীয় |
|---|---|
| | <u>প্রতি,</u> |
| | প্রার্থীর নামঃ |
| | পিতা/স্বামীঃ |
| | বর্তমান ঠিকানাঃ |
| | গ্রাম/ওয়ার্ড/মহল্লাঃ |
| | ডাকঘরঃ |
| | উপজেলা/থানাঃ |
| | জেলাঃ |

<u>বিঃদ্রঃ</u> পরীক্ষার বিস্তারিত আসন বন্টন পরীক্ষার দিন বাংলাদেশ সুপ্রীম কোর্টের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট ভবনের সামনে প্রদর্শন করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মোবাইল ফোন, ক্যালকুলেটর, হাত ঘড়ি বা অন্য কোন ইলেক্ট্রনিক সরঞ্জামাদি নিয়ে পরীক্ষার হলে প্রবেশ এবং পরীক্ষা চলাকালে নিজের কাছে রাখা যাবে না। পরীক্ষার্থীর কর্তৃক পরীক্ষায় কোন প্রকার অসাদুপায় অবলম্বন বা প্রতারণা পরীক্ষার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।